

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শৃঙ্খলা বিষয়ক শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

নম্বর- ৩৭.০০.০০০০.৯৫.২৭.০৫.২০২৪. ২৫৫

তারিখ: ৩০ জানুয়ারি ১৪৩০ বঙ্গাব্দ
২৪ মার্চ ২০২৪ খ্রি.

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব প্রনতি রানী দাস (১৩৬৮৪), সহকারী অধ্যাপক (মনোবিজ্ঞান), খুলনা সরকারি মহিলা কলেজ, খুলনা, প্রাক্তন বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা গত ২৩/০৮/২০১৬ তারিখ হতে ৩১/০৮/২০১৮ তারিখ পর্যন্ত এম ফিল গবেষণার জন্য শিক্ষা প্রেষণে ছিলেন এবং প্রেষণ শেষ করার ০৫ (পাঁচ) দিন পূর্বে ২৭/০৮/২০১৮ তারিখে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে যোগদান করেন। তদপ্রেক্ষিতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক তাঁকে পদায়নের জন্য ১৬/০৬/২০১৯ তারিখে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে প্রস্তাব প্রেরণ করে এবং এ বিভাগের ০৭/০২/২০২২ তারিখের ৩৭.০০.০০০০.৬৭.০২.০১৪.২০১৭.৩৬ নম্বর স্মারকে তাঁকে সরকারি ব্রজলাল কলেজ, খুলনায় পদায়ন করা হয়। কিন্তু তিনি পদায়নকৃত কলেজে যোগদান করেননি। এতে তাঁর বিরুদ্ধে কর্তৃপক্ষের আদেশ অমান্যকরণ করার অভিযোগ উত্থাপিত হয়েছে। উক্ত অভিযোগের প্রেক্ষিতে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয় এবং কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়;


যেহেতু, তিনি উক্ত নোটিশের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা ব্যক্ত করায় গত ১০/০৩/২০২৪ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, তাঁর দাখিলকৃত জবাব, ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য, বিভাগীয় মামলার প্রাসঙ্গিক রেকর্ডপত্রাদি ও সার্বিক পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তিনি দন্ড পাওয়ার যোগ্য;

সেহেতু, জনাব প্রনতি রানী দাস (১৩৬৮৪), সহকারী অধ্যাপক (মনোবিজ্ঞান), খুলনা সরকারি মহিলা কলেজ, খুলনা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগে দোষী সাব্যস্ত করে অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনায় একই বিধিমালার ৪(২)(ক) বিধি মোতাবেক তাঁকে “তিরস্কার” সূচক লঘুদন্ড প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


(সোলেমান খান)


সচিব

নম্বর- ৩৭.০০.০০০০.৯৫.২৭.০৫.২০২৪. ২৫৫/২৫৭

তারিখ: ৩০ জানুয়ারি ১৪৩০ বঙ্গাব্দ
২৪ মার্চ ২০২৪ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (জনাব প্রনতি রানী দাস এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
- ২। অধ্যক্ষ, খুলনা সরকারি মহিলা কলেজ, খুলনা।
- ৩। উপসচিব (সরকারি কলেজ-২), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা
- ৭। জনাব প্রনতি রানী দাস (১৩৬৮৪), সহকারী অধ্যাপক (মনোবিজ্ঞান), খুলনা সরকারি মহিলা কলেজ, খুলনা


(মো: শাহীনুর ইসলাম) ২৪/৩/২০২৪
উপসচিব